

# এইচএসসি পরীক্ষা শুরু ২৬ জুন, এসএসসির সূচিতে পরিবর্তন



ছবি: ফাইল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২০ ফেব্রুয়ারি ২০২৫ | ০২:৪৬



চলতি বছর উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হবে আগামী ২৬ জুন। গতকাল বুধবার আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দারের সই করা সময়সূচিতে বলা হয়েছে, ২৬ জুন থেকে তত্ত্বীয় পরীক্ষা চলবে ১০ আগস্ট পর্যন্ত। এর পর ১১ থেকে ২১ আগস্ট পর্যন্ত চলবে ব্যবহারিক পরীক্ষা।

পরীক্ষার্থীদের জন্য বিশেষ নির্দেশাবলিতে বলা হয়েছে, সকাল ১০টা অথবা দুপুর ২টা থেকে পরীক্ষা শুরু হবে। প্রথমে বহু নির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা হবে। ৩০ নম্বরের বহু নির্বাচনীতে (এমসিকিউ) ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (সিকিউ) পরীক্ষায় সময় থাকবে ২ ঘণ্টা ৩০ মিনিট। আর ব্যবহারিকের ক্ষেত্রে ২৫ নম্বরের বহু নির্বাচনীতে ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল পরীক্ষার ক্ষেত্রে ২ ঘণ্টা ৩৫ মিনিট দেওয়া হবে।

এতে আরও বলা হয়েছে, পরীক্ষার্থীকে তত্ত্বীয়, বহু নির্বাচনী ও ব্যবহারিক অংশে (প্রযোজ্য ক্ষেত্রে) পৃথকভাবে উত্তীর্ণ করতে হবে। পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

এদিকে, বৈসাবি উৎসবের কারণে চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচিতে পরিবর্তন আনা হয়েছে। পরীক্ষা শুরুর তারিখ ১০ এপ্রিল ঠিক থাকলেও বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষার দিন পরিবর্তন করা হয়েছে।

বুধবার আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির সংশোধিত সময়সূচিতে দেখা যায়, ১৩ এপ্রিল বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষাটি হবে ১৩ মে। এতে তত্ত্বীয় পরীক্ষা শেষের সময় পিছিয়েছে। ৮ মের পরিবর্তে এখন তত্ত্বীয় পরীক্ষা শেষ হবে ১৩ মে। এ ছাড়া আগের রুটিনের সব তারিখ ও সময় ঠিক আছে। আগের মতোই ১০ মে থেকে ব্যবহারিক পরীক্ষা শুরু হবে।